ইত্তেফাক

তারিখ 16/8/83
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪০

014



# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে প্রফেসর শামসুল হক

(ইত্তেফাক রিপোর্ট)

চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর শামসুল হককে চার বৎসরের জন্য নিয়োগ করিয়াছেন। গতকাল (সোমবার) বিকালে সরকারী ঘোষণায় এ তথ্য জানানো হয়।

ফলিত পদার্থবিদ্যা ও ইলেকট্রনিক্স বিভাগের প্রফেসর ডঃ শামসুল হক ঢাকা ভার্সিটির ভাইস চ্যান্সেলর হিসাবে প্রফেসর ফজলুল হালিম চৌধুরীর স্থলাভিষিক্ত হইবেন।

গত ১০ই আগষ্ট ঢাকা ভার্সিটি সিনেট তিনজনের যে প্যানেলকে মনোনয়ন দান করে উহার মধ্য হইতে সরকার প্রফেসর শামসুল হককে নিয়োগ করিয়াছেন।

(৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

গতরাতে প্রফেসর শামসুল হকের সহিত বাসভবনে সাক্ষাৎ করিলে তিনি রিপোর্টারকে জানান, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার অনুকূল সুষ্ঠু পরিবেশ গড়িয়া তোলার জন্য তিনি শীঘ্রই সকল ছাত্র সংগঠনের সহিত আলোচনায় মিলিত হইবেন। গতকাল সরকারী নিযুক্তির খবর ঘোষণার আগে সিএমএলএ ও চ্যান্সেলার সিনেটের মনোনীত তিনজনের সহিত পৃথকভাবে কথা বলেন। প্রফেসর শামসুল হকের সহিত চ্যান্সেলরের প্রায় ২০ মিনিট আলোচনা হয়। আলোচনায় চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়ের সমস্যা ও সামগ্রিক শিক্ষা সমস্যা নিরসনের বিভিন্ন প্রসঙ্গ উত্থাপন করেন। তিনি বলেন, চ্যান্সেলরের সহিত তাঁহার সাক্ষাতকারে ছাত্র সমাজের মধ্যে শিক্ষাসমাপনের পর চাকুরী না পাওয়ার হতাশা, নব্বই ভাগ সাধারণ এবং যথার্থ শিক্ষার্থী দশভাগ ভিন্ন ধরনের ছাত্রের দ্বারা ডিষ্টার্বড হওয়ার ব্যাপারে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়েও আলোচনা হয়।

তিনি বলেন, চ্যান্সেলর তাঁহাকে বলিয়াছেন ছাত্র-ছাত্রীদের খেলাধুলার ব্যবস্থা করা, কোর্স সিষ্টেমের মধ্যে ছাত্র-ছাত্রীদের আরও বেশী এনগেজ করিয়া রাখা অর্থাৎ যে উদ্দেশ্যে অভিভাবকগণ ছেলেমেয়েদের বিশ্ববিদ্যালয়ে পাঠান তাহা নিশ্চিত করা উচিত। ছাত্ররা রাজনীতি করিবে, তবে তাহা যেন লেজুড়বৃত্তির পর্যায়ে না যায়।

প্রফেসর শামসুল হক আরও জানান, তিনি চ্যান্সেলরকে নগরীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক্সটেনশন ক্যাম্পাস হিসাবে চারটি প্রধান কলেজকে উন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে না পারা ছাত্রদের ব্যাপক ভিত্তিক ভোকেশনাল ট্রেনিং-এর ব্যবস্থার সুপারিশ করেন, চ্যান্সেলর এ সকল ব্যাপারে ইতিবাচক পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন।